

সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নম্বরঃ ১৪৯

৩০. রাসূলুল্লাহ (ﷺ) এর ফলমূলের বিবরণ (باب ما جاء في صفة فاكهة رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ ، عَنْ مَالِكِ بْنِ أَنَسٍ . ح وَحَدَّثَنَا إِسْحَاقُ بْنُ مُوسَى ، قَالَ : حَدَّثَنَا مَعْنٌ ، قَالَ : حَدَّثَنَا مَالِكٌ ، عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ ، عَنْ أَبِيهِ ، عَنْ أَبِي هُرَيْرَةَ ، قَالَ : كَانَ النَّاسُ إِذَا رَأَوْا أَوَّلَ الثَّمَرِ جَاءُوا بِهِ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، فَإِذَا أَخَذَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ، قَالَ : " اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي ثَمَارِنَا ، وَبَارِكْ لَنَا فِي مَدِينَتِنَا ، وَبَارِكْ لَنَا فِي صَاعِنَا وَفِي مُدِّنَا ، اللَّهُمَّ إِنَّ إِبْرَاهِيمَ عَبْدُكَ وَخَلِيلُكَ وَنَبِيُّكَ ، وَإِنِّي عَبْدُكَ وَنَبِيُّكَ ، وَإِنَّهُ دَعَاكَ لِمَكَّةَ ، وَإِنِّي أَدْعُوكَ لِلْمَدِينَةِ ، بِمِثْلِ مَا دَعَاكَ بِهِ لِمَكَّةَ وَمِثْلَهُ مَعَهُ " ، قَالَ : ثُمَّ يَدْعُو أَصْغَرَ وَلِيدٍ يَرَاهُ ، فَيُعْطِيهِ ذَلِكَ الثَّمَرَ .

বাংলা

নতুন ফল উদ্বোধনকালে তিনি যে দু'আ পাঠ করতেন:

১৪৯. আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, সাহাবায়ে কেরাম যখন কোন নতুন ফল দেখতেন তখন তাঁরা তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খেদমতে পেশ করতেন। আর তিনি তা গ্রহণ করে এ মর্মে দু'আ করতেনঃ

اللَّهُمَّ بَارِكْ لَنَا فِي ثَمَارِنَا ، وَبَارِكْ لَنَا فِي صَاعِنَا وَفِي مُدِّنَا ، اللَّهُمَّ إِنَّ إِبْرَاهِيمَ عَبْدُكَ وَخَلِيلُكَ وَنَبِيُّكَ ، وَإِنِّي عَبْدُكَ وَنَبِيُّكَ ، وَإِنَّهُ دَعَاكَ لِمَكَّةَ ، وَإِنِّي أَدْعُوكَ لِلْمَدِينَةِ ، بِمِثْلِ مَا دَعَاكَ بِهِ لِمَكَّةَ وَمِثْلَهُ مَعَهُ

“আল্লা-হুম্মা বা-রিক লানা-ফী সিমা-রিনা-, ওয়াবা-রিক লানা- ফী মাদীনীতিনা- ওয়াবা-রিক লানা-ফী স-ইনা-

ওয়াফী মুদ্দিনা-, আল্লা-হুম্মা ইন্না ইবরাহীমা আবদুকা ওয়া খালীলুকা ওয়া নবীযুকা, ওয়া ইন্নী আবদুকা ওয়া

নবীযুকা, ওয়া ইন্নাহু দা'আ-কা লিমক্কাহ, ওয়া ইন্নী আদ'উকা লিলমাদিনাতি বিমিছলি মা- দা'আ-কা বিহী লিমক্কাতা

ওয়া মিছলিহী মা'আহ”।

অর্থাৎ হে আল্লাহ! আমাদের ফলসমূহে আমাদের জন্য বরকত দাও, আমাদের শহরে আমাদের জন্য বরকত দাও, আমাদের জন্য আমাদের 'সা' এবং আমাদের 'মুদে' (পরিমাপ যন্ত্রে) বরকত দাও। হে আল্লাহ! নিশ্চয় ইবরাহীম (আঃ) তোমার বান্দা, তোমার বন্ধু এবং তোমার নবী। আর আমিও তোমার বান্দা ও তোমার নবী। তিনি (ইবরাহীম

তো) তোমার কাছে মক্কার জন্য দু'আ করেছিলেন আর আমি তাঁর ন্যায় মদিনার জন্য তোমার কাছে দু'আ করছি এবং এর সঙ্গে আরো সমপরিমাণ দু'আ করছি।

বর্ণনাকারী বলেন, এরপর তিনি যাকে সর্বকনিষ্ঠ দেখতেন এরূপ ছোট কাউকে ডেকে তাকে সে ফল দিয়ে দিতেন।[1]

English

Abu Hurairah radiyallahu anhu reports, "When the people saw (picked their) new fruit, they used to come and present it to Rasoolullah sallallahu alaihe wasallam. Rasoolullah sallallahu alaihe wasallam then recited this du'aa:-

Translation: O Allah! Bless us in our fruits. Bless us in our city. Bless us in our Saa', and bless us in our Mudd' (these are two measures used in Madinah to measure dates, etc.). O Allah verily Ibrahim alaihis salaam is Your servant, friend and Nabi (since it was an occasion for humbleness Sayyidina Rasoolullah sallallahu alaihe wasallam did not mention here his being the habib - beloved - of Alah.) And (whatever) he has supplicated to You for (colonising) Makkah. (Which is metioned in the aayah, "...so incline some hearts of men that they may yearn towards them, and provide Thou them with fruits in order that they may be thankful."- Surah Ibrahim, 37) I supplicate the same to You for Madinah.'

He then called a small child, to whom he gave that fruit."

ফুটনোট

[1] সহীহ মুসলিম, হা/৩৪০০ মুয়াত্তা ইমাম মালেক, হা/১৫৬৮; সুনাুলুল কুবরা লিন নাসাঈ, হা/১০০৬১; সহীহ তারগীব ওয়াত তারহীব, হা/১১৯৯।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=49063>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন